USAID | BANGLADESH
FROM THE AMERICAN PEOPLE

# সংবাদ বিজ্ঞপ্তি

## ইউএসএইড বাংলাদেশ, জাতীয় ক্রিকেট দলের অলরাউন্ডার মাহমুদুল্লাহ রিয়াদ কে শুভেচ্ছা দূত ঘোষণা করলো।

**ঢাকা, ২০শে নভেম্বর, ২০১৭** -- আজ যুক্তরাষ্ট্রের আন্তর্জাতিক উন্নয়ন সংস্থা ইউএসএইড, মাহমুদুল্লাহ রিয়াদকে তাদের যুব ও উন্নয়ন বিষয়ক শুভেচ্ছা দূত ঘোষণা করলো। বছরব্যাপী এই অংশীদারিত্ব হাজারো তরুণদের মধ্যে বিভিন্ন সামাজিক যোগাযোগ মাধ্যম ও গণ যোগাযোগ মাধ্যমে জনস্বার্থ্যে প্রজ্ঞাপন জারির মাধ্যমে যুব ক্ষমতায়ন, শিক্ষা, পুষ্টির প্রয়োজনীয়তা বৃদ্ধি এবং লিঙ্গভিত্তিক সহিংসতা কমানোর লক্ষ্যে সচেতনতা সৃষ্টি করবে।

মাহমুদুল্লাহ'র আনুষ্ঠানিক ঘোষণা সময়কালীন সংবাদ সম্মেলনে ইউএসএইড বাংলাদেশের মিশন ডিরেক্টর ইয়ানিনা জারুজেলস্কি বলেন, " আমরা জানি যে, বাংলাদেশের উন্নয়নের সম্মুখভাগে যুব সমাজকে নিয়ে আসতে, ইউএসএইডের শুভেচ্ছা দূত মাহমুদুল্লাহ রিয়াদ আমাদের সাথে থাকবেন। বাংলাদেশের উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যুবসমাজকে কাজে লাগাতে এবং সচেতনতা বৃদ্ধিতে ইউএসএইডের অনেক উদ্যোগে একজন জাতীয় অনুপ্রেরণা ও আন্তর্জাতিক পর্যায়ে একজন ক্রীড়া চ্যাম্পিয়ন হিসেবে মাহমুদুল্লাহ একটি শক্তিশালী এবং বলিষ্ঠ কণ্ঠস্বর হবেন।

রিয়াদ তার বক্তব্যে বলেন, "এদেশের ভবিষ্যৎ গড়তে ও সমাজকে প্রভাবিত করার ক্ষমতা যে যুবসমাজের রয়েছে তা তরুণদের বোঝানোর জন্য আমাদেরকে আরো অনেক কাজ করতে হবে। এইজন্য ইউএসএইডের সাথে এই অংশীদারিত্ব করা এবং তাদের শুভেচ্ছাদূত হওয়াতে আমি সম্মানিত বোধ করছি। আমি অধীর অপেক্ষায় রয়েছি আমাদের তরুণদের সাথে বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয় বিশেষকরে শিক্ষা, পুষ্টি এবং লিঙ্গভিত্তিক সহিংসতা নিয়ে কথা বলার জন্য।"

মাহমুদুল্লাহ রিয়াদ বাংলাদেশের বহুল পরিচিত ব্যক্তিত্ব। বাংলাদেশ ক্রিকেট দলের অনেক জয়ের নায়ক তিনি এবং বিশ্বকাপ ক্রিকেটে বাংলাদেশের প্রথম ব্যাটসম্যান হিসাবে তিনি পরপর দুই ম্যাচে সেঞ্চুরী করেন।

বাংলাদেশের উন্নয়ন বিশেষ করে তরুণদের ক্ষমতায়নের ক্ষেত্রে রিয়াদের দৃঢ় প্রতিশ্রুতির জন্য ইউএসএইড/ বাংলাদেশ, মাহমুদুল্লাহ রিয়াদের সাথে অংশীদারিত্ব করছে।

*১৯৭১ সাল থেকে যুক্তরাষ্ট্র সরকার ইউএসএআইডি'র মাধ্যমে বাংলাদেশকে সাত'শ কোটি ডলারেরও বেশী উন্নয়ন সহায়তা প্রদান করেছে। ২০১৬ সালে ইউএসএআইডি বাংলাদেশের*

**EMBASSY OF THE UNITED STATES OF AMERICA**
**PUBLIC AFFAIRS SECTION**
TEL: 88-025566-2000
E-MAIL: DhakaPA@state.gov WEBSITE: https://bd.usembassy.gov/

*জনগণের জীবনমানের উন্নয়নে প্রায় বিশ কোটি ডলার প্রদান করেছে। ইউএসএআইডি বাংলাদেশে যে সকল কর্মসূচিতে সহায়তা প্রদান করে সেগুলোর মধ্যে রয়েছে – গণতান্ত্রিক প্রতিষ্ঠান ও অনুশীলনের প্রসার, খাদ্য নিরাপত্তা ও অর্থনৈতিক সুবিধাদির সম্প্রসারণ, স্বাস্থ্য ও শিক্ষা সেবার উন্নয়ন ও অভিযোজন এবং স্বল্প কার্বন উন্নয়নের মাধ্যমে জলবায়ু পরিবর্তন পরিস্থিতির সংগে খাপ খাওয়ানো।*